দিনের বিচার করো—
দিনশেষে তব সমুখে দাঁড়ানু ওহে জীবনেশ্বর ।
দিনের কর্ম লইয়া স্মরণে সন্ধ্যাবেলায় সঁপিনু চরণে—
কিছু ঢাকা নাই তোমার নয়নে, এখন বিচার করো ॥
মিথ্যা আচারে থাকি যদি মজি আমার বিচার করো ।
মিথ্যা দেবতা যদি থাকি ভজি, আমার বিচার করো ।
লোভে যদি কারে দিয়ে থাকি দুখ, ভয়ে হয়ে থাকি ধর্মবিমুখ,
পরনিন্দায় পেয়ে থাকি সুখ, আমার বিচার করো ॥
অশুভকামনা করি যদি কার, আমার বিচার করো ।
রোষে যদি কারো করি অবিচার, আমার বিচার করো ।
তুমি যে জীবন দিয়েছ আমারে  কলঙ্ক যদি দিয়ে থাকি তারে
আপনি বিনাশ করি আপনারে, আমার বিচার করো ॥

---

Parjaay: Anushthanik, Taal: Ektaal, Raag: Purvi
Visit www.geetabitan.com for notation and other detail